

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৯৯.০২০.২০.৯৯৯

তারিখ: ০২ পৌষ ১৪৩১
১৭ ডিসেম্বর ২০২৪

পরিপত্র

বিষয় : সরকারি কর্মচারিগণ কর্তৃক চাকুরি বা অন্যান্য বিষয়ে দাবী-দাওয়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মচারিগণ বিভিন্ন বিষয়ে দাবী-দাওয়া নিয়ে সরাসরি মন্ত্রণালয়ে হাজির হচ্ছেন যা অনভিপ্রেত। সরকারি কর্মচারিগণের চাকুরি বা অন্যান্য বিষয়ে দাবী-দাওয়া দাখিল করার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করাই হচ্ছে যথার্থ পদ্ধতি। এছাড়াও সরাসরি/স্বশরীরে মন্ত্রণালয়ে এসে দাবী-দাওয়া পেশ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছুটি গ্রহণ করা বাধ্যতামূলক। উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে ছুটি গ্রহণ ব্যতিত কোনক্রমেই মাঠ পর্যায়ের কোনো কর্মচারি কর্তৃক মন্ত্রণালয়ে প্রবেশ কার্যত: সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (আ) অনুযায়ী কর্তব্যে অবহেলা প্রদর্শনের শামিল।

০২। বর্গিতাবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মচারিগণ-কে তাদের চাকুরি বা অন্যকোন বিষয়ে দাবী-দাওয়া সরাসরি/স্বশরীরে মন্ত্রণালয়ে হাজির হয়ে দাখিল না করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩। অনুচ্ছেদ ০২ এর নির্দেশনা লংঘনকারী সরকারি কর্মচারিদের বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ-১৭/১২/২০২৪
(এ এস এম সালেহ আহমেদ)
সিনিয়র সচিব
ফোন-+৮৮০২৫৫১০১১৩১
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা;
- ০২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ০৩। বিভাগীয় কমিশনার.....(সকল);
- ০৪। জেলা প্রশাসক.....(সকল);

নম্বর- নম্বর- ৩১.০০.০০০০.০৪৬.৯৯.০২০.২০.৯৯৯/৭৪(১০০০)

তারিখ: ০২ পৌষ ১৪৩১
১৭ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, কাটাবন, ঢাকা;
- ০৬। উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৭। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)/উপভূমি সংস্কার কমিশনার (সকল);
- ০৮। চার্জ অফিসার (সকল);
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১০। সহকারী কমিশনার (ভূমি) (সকল);
- ১১। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১৩। অফিস/মাস্টার কপি।


হেমন্ত হেনরী কুবি
উপসচিব